

২০

শিক্ষাঙ্গন

মেডিকলে ভর্তি প্রসঙ্গে

মেডিকেল কলেজে ভর্তির জন্য প্রতিবছর হাজার হাজার ছাত্র-ছাত্রী ভর্তি পরীক্ষায় অরতীর্ণ হয়। কিন্তু যারা ব্যর্থ হয় তাদের অনেকেই হতাশা ও দুশ্চিন্তার শিকার। অপ্রিয় হলেও

সত্য যে, মেডিকলে ভর্তির নিয়মে কিছুটা ত্রুটির কারণে অনিয়মিত ছাত্র-ছাত্রীদের অনেকেই যোগ্যতা থাকা সত্ত্বেও পরবর্তী বছর ভর্তি হতে পারে না।
উল্লেখ্য যে, এই পদ্ধতিতে একজন অনিয়মিত পরীক্ষার্থীকে

পরীক্ষার প্রাপ্ত নম্বর থেকে ২.৫ নম্বর বাদ দেয়া হয়। এতে সেই হতাশাগ্রস্ত ছাত্র-ছাত্রীদের আবারো ব্যর্থতার পথ বেছে নিতে হয়। দেশের আর কোন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির ক্ষেত্রে এ নিয়ম লক্ষণীয় নয়। অনিয়মিত ছাত্রী-ছাত্রীদের এভাবে নম্বর কেটে

নেয়া সম্পূর্ণ অমানবিক ও বৈষম্যমূলক সিদ্ধান্ত। আশা করি, কর্তৃপক্ষ এ বিষয়টি বিবেচনা করবেন এবং অনিয়মিত পরীক্ষার্থীদের মেডিকলে ভর্তির প্রতিবন্ধকতা দূর করতে সচেষ্ট হবেন।

—মোঃ সালাহ উদ্দিন